# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৬. ১. এহুদা ষড়যন্ত্র শুরু করল ভোজের আগে না পরে?

যীশুকে সমর্পনকারী জুডাস ঈসকারিয়োত (Judas Iscariot) বাংলায় ঈষ্করিয়োতীয় যিহূদা/ ইস্করিয়োতীয় এহুদা বা এহুদা ইষ্কারিয়োৎ। তার সাথে যাজকদের কথাবার্তা, চুক্তি ও লেনদেন কখন হল? প্রভুর ভোজের আগে না পরে?

মথি, মার্ক ও লূক সুস্পষ্টভাবে লেখেছেন যে, ভোজের আগেই ঈষ্করিয়োতীয় এহুদা প্রধান যাজকদের সাথে লেনদেন সম্পন্ন করে। পরে শিষ্যরা ভোজের বিষয়ে যীশুর সাথে আলোচনা করেন এবং পরে ভোজের ব্যবস্থা হয়। (মথি ২৬/১৪-২৫; মার্ক ১৪/১০-১১; লূক ২২/৩-২৩)। কিন্তু যোহন লেখেছেন যে, ভোজের সময় যীশুর দেওয়া রুটিখণ্ড-র সাথে শয়তান তার মধ্যে প্রবেশ করে এবং ভোজের পরে সে তার ষড়যন্ত্র ও দুষ্কর্ম সাধনের জন্য বেরিয়ে পড়ে। (যোহন ১৩/২১-৩০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14038

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন